অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 11/23/2018 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো গ্রিন কাউন্টিতে ক্যাপিটাল রিজিয়ন স্বাগতম কেন্দ্রের (CAPITAL REGION WELCOME CENTER) শুভ উদ্বোধন ঘোষণা করলেন

আঞ্চলিক স্বাগতম কেন্দ্র স্থানীয় পর্যটন, ইতিহাস, খাদ্য এবং পানীয়ের প্রচার করে

ডাচ কলোনিয়াল ধাঁচের স্বাগতম কেন্দ্রে থাকবে নিউ ইয়র্ক বাজারের স্বাদ, ওয়াক অব ফেম, ছোটদের খেলার মাঠ এবং ইন্টারেক্টিভ পর্যটন তথ্য

ক্যাপিটাল রিজিয়ন স্বাগতম কেন্দ্রের ছবি দেখা যাবে এখানে

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজকে রিজিয়ন স্বাগতম কেন্দ্রের শুভ উদ্বোধন ঘোষণা করলেন। স্বাগতম কেন্দ্রটি, যার একটি ঐতিহাসিক ডাচ-ধাঁচের গঠন আঙ্গিক রয়েছে, উত্তরমুখী যাত্রীদের জন্য ক্যাপিটাল রিজিয়নের প্রবেশপথ স্বরুপ এবং অঞ্চলের স্থানীয় পর্যটন শিল্প, সমৃদ্ধ ইতিহাস, খাদ্য ও পানীয়ের প্রচার করে।

"নিউ ইয়র্কের অর্থনৈতিক বিকাশের একটি স্তম্ভ হল পর্যটন, আর এই শিল্পে সুকৌশলী বিনিয়োগের মাধ্যমে আমরা আঞ্চলিক অর্থনীতি উন্নত করতে এবং এম্পায়ার স্টেট (Empire State) জুড়ে স্থানীয় আকর্ষণসমূহকে প্রচার করতে আমাদের যে অঙ্গীকার তা জোরদার করছি।" **গভর্নর কুওমো বলেছেন।** "ক্যাপিটাল রিজিয়ন এই অঞ্চলের সমৃদ্ধ ইতিহাস এবং আন্তর্জাতিক-মানের ভ্রমণ-গন্তব্যগুলিকে মূর্ত করে এবং আসন্ন দশকগুলিতে আঞ্চলিক অর্থনীতিকে দাঁড় করবে।"

"নিউ ইয়র্কের দারুণ সব আকর্ষণ এবং পণ্যকে দৃষ্টিগোচর করার জন্য আমরা পুরো স্টেটে স্বাগতম কেন্দ্র বানাতে বিনিয়োগ করছি।" **লেফ্টেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল বলেন।** "নতুন ক্যাপিটাল রিজিয়ন স্বাগতম কেন্দ্র অতিথিদের জন্য একটি প্রবেশপথ হিসেবে কাজ করবে এবং পর্যটন শিল্পের প্রচার করবে, এই এলাকার সমৃদ্ধ ইতিহাসকে আলিঙ্গন করবে এবং এই অঞ্চল এবং পুরো স্টেটের অর্থনীতিকে শক্তিশালী করবে।"

অ্যালবেনি থেকে প্রায় 15 মাইল দক্ষিণে, ক্যাপিটাল রিজিয়ন স্বাগতম কেন্দ্রটি অবস্থিত নিউ ইয়র্ক স্টেট থ্রুওয়ে অথোরিটির (New York State Thruway Authority) নিউ বাল্টিমোর সেবা এলাকায় (New Baltimore Service Area) থ্রুওয়ে (I-87) এ, এক্সিট 21B (কক্স্যাকি - রুট 9W) এবং এক্সিট 21A (বার্কশায়ার সেকশন/ম্যাস পাইক পর্যন্ত) এর মাঝখানে। বর্তমানে প্রতি বছর চার মিলিয়ন মানুষ নিউ বাল্টিমোর সেবা এলাকা পরিদর্শন করে, এবং 1962 সালে এটি প্রথম প্রতিষ্ঠার পর ট্রাফিক এর পরিমাণ বেড়ে তিনগুণ হয়েছে।

উত্তরমুখী থ্রুওয়ে ট্রাফিক যারা I-87 এ নিউ বাল্টিমোর সেবা এলাকার এক্সিট র‍্যাম্পটি নিচ্ছে তারা স্বাগতম কেন্দ্রটিতে প্রবেশ করতে পারবে। হাইওয়ের অন্য পাশের নিউ বাল্টিমোর সেবা এলাকা থেকে উত্তরমুখী ট্রাফিক জ্বালানি এবং অন্যান্য সুবিধা পেতে থাকবে।

ক্যাপিটাল রিজিয়ন স্বাগতম কেন্দ্রে রয়েছে বিশেষভাবে-আঞ্চলিক উপাদান যা হাডসন রিভার ভ্যালি (Hudson River Valley) এর ইতিহাস এবং প্রাকৃতিক সৌন্দর্য্যের সাথে জড়িত, যার মধ্যে রয়েছে নিউ ইয়র্ক স্টেট ক্যাপিটল (New York State Capitol) এর মত আকর্ষণ, ঐতিহাসিক সারাটোগা রেস কোর্স (Saratoga Race Course), এবং লেক জর্জ (Lake George) অঞ্চল। স্বাগতম কেন্দ্রে থাকবে একটি নিউ ইয়র্ক স্বাদের বাজার (Taste NY Market) যেখানে ক্যাপিটাল রিজিয়ন এবং স্টেটের স্থানীয়ভাবে উৎপন্ন এবং সংগৃহীত পণ্য তুলে ধরা হবে।

থ্রুওয়ে অথোরিটি (Thruway Authority) এক্সিকিউটিভ ডিরেক্টর ম্যাথিউ জে. ড্রিসকোল বললেন, "ক্যাপিটাল রিজিয়ন স্বাগতম কেন্দ্র একটি বহুমাত্রিক সেবাকেন্দ্র যা অতিথিদের ক্যাপিটাল রিজিয়নের উদযাপিত কাঁচামাল এবং আন্তর্জাতিক-মানের ভ্রমণ গন্তব্য সম্পর্কের শিক্ষিত করবে এবং অঞ্চলের পরিচিত খাদ্য এবং পানীয় তুলে ধরবে। স্টেটজুড়ে স্বাগতম কেন্দ্র তৈরি করে পর্যটন গন্তব্যগুলিকে দৃষ্টিগোচর করার জন্য গভর্নর কুওমোর যে স্বপ্ন তা সমর্থন করতে পেরে আমরা গর্বিত।"

এম্পায়ার স্টেট বিকাশ (Empire State Development) প্রেসিডেন্ট, প্রধান নির্বাহী কর্মকর্তা এবং কমিশনার হাওয়ার্ড যেমস্কি বলেন, "ক্যাপিটাল রিজিয়ন স্বাগতম কেন্দ্রতে অঞ্চলের সমৃদ্ধ ইতিহাস এবং ঐতিহ্য ফুটিয়ে তোলা হবে, সাথে সাথে অতিথিদের স্থানীয় আকর্ষণ এবং নিউ ইয়র্ক এর স্বাদ (Taste NY) ব্যবসাগুলিকে সমর্থন করতে উৎসাহিত করা হবে।"

স্টেটের কৃষি কমিশনার (State Agriculture Commissioner) রিচার্ড এ. বল বলেন, "স্টেটের এতগুলি দুর্দান্ত খাবার এবং খাদ্য এবং পানীয় উৎপাদকদের নতুন ক্যাপিটাল রিজিয়ন স্বাগতম কেন্দ্রের নিউ ইয়র্ক স্বাদের বাজারে তুলে ধরতে পেরে আমরা গর্বিত। নতুন এই বাজার অতিথিদের শুধু নতুন পণ্য ব্যবহার কোয়ার সুযোগই দেয় না, বরং নতুন প্রিয় দ্রব্য খুঁজে পেতে সাহায্য করে-- তাজা দুপুরের খাবারের পদ থেকে শুরু করে অনন্য উপহার, যা আমাদের সম্প্রদায়ের ক্ষুদ্র ব্যবসাগুলির বিকাশ এবং সাফল্যে সহায়তাই করবে।"

গ্রিন কাউন্টির বিধানিক সভাপতি কেভিন লুইস বলেন, "ক্যাপিটাল রিজিয়ন স্বাগতম কেন্দ্রটির অবস্থান হতে পেরে গ্রিন কাউন্টি গর্বিত। স্বাগতম কেন্দ্রটি এই এলাকার দারুন খাবার, পানীয় এবং হস্তশিল্প তুলে ধরে, এবং এটি আমাদের স্থানীয় উৎপাদক এবং শিল্পীদের জন্য যেই সাফল্য এবং অর্থনৈতিক সুযোগ নিয়ে আসবে তা দেখার জন্য আমি উন্মুক্ত।"

নিউ বাল্টিমোর শহরের (Town of New Baltimore) সুপারভাইজার জেফ রুসো বলেন, "নিউ বাল্টিমোর শহর গর্বিত ক্যাপিটাল রিজিয়ন স্বাগতম কেন্দ্রটিকে জায়গা দিতে পেরে। আমাদের স্টেট এবং দেশ গড়ার পেছনে ক্যাপিটাল রিজিয়নের একটি দীর্ঘ সমৃদ্ধ ইতিহাস রয়েছে, এব ং এই স্বাগতম কেন্দ্রটির অবস্থান হওয়ার সুযোগ পেয়ে আমরা কৃতজ্ঞ।"

নতুন ক্যাপিটাল রিজিয়ন স্বাগতম কেন্দ্রটি নিউ ইয়র্ক স্টেটে সুকৌশলে অবস্থিত 11টি স্বাগতম কেন্দ্রের একটি। পশ্চিম নিউ ইয়র্ক (Western New York) এবং মোহক ভ্যালি (Mohawk Valley) স্বাগতম কেন্দ্রগুলির পাশাপাশি ক্যাপিটাল রিজিয়ন স্বাগতম কেন্দ্র নিউ ইয়র্ক স্টেট থ্রুওয়ের সংলগ্নে বা নিকটে নির্মিত তৃতীয় স্বাগতম কেন্দ্র। অন্য স্বাগতম কেন্দ্রগুলির অবস্থান নিউ ইয়র্ক শহর, লং আইল্যান্ড (Long Island), দক্ষিণ টিয়ার (Southern Tier), সেন্ট্রাল নিউ ইয়র্ক (Central NY), ফিঙ্গার লেকস (Finger Lakes), অ্যাড্রিওনড্যাক্স (Adirondacks), হাডসন ভ্যালি/ক্যাটস্কিলস (Hudson Valley/Catskills) এবং উত্তর দেশ (North Country)। 2018 অর্থবছর (Financial Year, FY) স্টেট বাজেটে রিজিয়ন স্বাগতম কেন্দ্রের জন্য অর্থ বরাদ্দ ছিল।

প্রায় 11,000 স্কয়ার ফিট ক্যাপিটাল রিজিয়ন স্বাগতম কেন্দ্রের বাইরের অংশ নকশা করা হয়েছে এলাকার প্রাচীন ঐতিহাসিক ডাচ ঐতিহ্যের স্থাপত্যের উপর ভিত্তি করে। এর মধ্যে আছে একটি নিদর্শন দেওয়াল যাতে থাকবে বিশেষ-আঞ্চলিক পণ্য যা এই অঞ্চলের ইতিহাস এবং ঐতিহ্যকে তুলে ধরে। স্বাগতম কেন্দ্রে থাকছে আমি নিউ ইয়র্ক ভালোবাসি (I LOVE NY) ইন্টারেক্টিভ বুথ যেখানে স্থানীয় আকর্ষণ এবং এই অঞ্চলের পর্যটন গন্তব্য দেখানো হবে, একটি ভিডিও ওয়াল, এবং একটি নিউ ইয়র্ক স্বাদের বাজার যেখানে নিউ ইয়র্কে উৎপাদিত অনেক ধরনের পণ্য পাওয়া যাবে।

নিউ ইয়র্ক স্বাদের বাজারে অনেক ধরনের সদ্য প্রস্তুত সকালের নাস্তা এবং ক্যাপিটাল রিজিয়নের চাষী এবং উৎপাদকদের থেকে পাওয়া পণ্য দিয়ে বানানো স্যুপ, সালাদ, স্যান্ডউইচ এবং মিষ্টিসহ দুপুরের খাবারের নানা পদ পাওয়া যায়। নিউ ইয়র্ক স্বাদের বাজারে অনেক ধরনের সদ্য বানানো সকালের নাস্তা এবং ক্যাপিটাল রিজিয়নের চাষী এবং উৎপাদকদের থেকে পাওয়া পণ্য দিয়ে বানানো স্যুপ, সালাদ, স্যান্ডউইচ এবং মিষ্টিসহ দুপুরের খাবারের নানা পদ পাওয়া যায়। বর্তমান মেন্যু এবং পণ্যতালিকা দেখতে পাওয়া যাবে এখানে। নিউ ইয়র্ক স্বাদের বাজার খোলা থাকবে সকাল 7টা থেকে সন্ধ্যা 7টা পর্যন্ত, সপ্তাহে সাত দিন।

নতুন স্বাগতম কেন্দ্রটির বহিরাঙ্গনে রয়েছে একটি ঘরের বাইরের পার্কের মত একটি পরিবেশ, যেখানে থাকবে স্থানীয় পণ্যসহ কৃষকদের বাজার এবং সঙ্গীতের থীমে সাজানো শিশুদের খেলার মাঠ, অঞ্চলের বহুসংখ্যক থিয়েটার এবং পারফর্মিং আর্টস কেন্দ্রের প্রতি নজর।

নতুন স্বাগতম কেন্দ্রটি শক্তিতে নেতৃত্ব এবং পরিবেশবান্ধব নকশা (Leadership in Energy and Environmental Design) এর নকশা সূচক এর সাথে সঙ্গতি রেখে বানানো হয়েছে এবং এতে রয়েছে সৌর প্যানেল, উচ্চ গতির ইলেকট্রিক যানবাহন চার্জ করার স্টেশন, বৃষ্টির পানি ব্যবস্থাপনা, প্রাকৃতিক আলোর উন্নত ব্যবহার, এবং শক্তি সঞ্চায়ক নির্মাণ উপকরণ।

2011 সালে পদ পাওয়ার পর থেকে, গভর্নর কুওমো পুরো নিউ ইয়র্ক স্টেটজুড়ে পর্যটন শিল্পে অভূতপূর্ব বিনিয়োগ করেছেন, যার ফলে ঐতিহাসিক মাত্রায় অতিথি এবং সরাসরি খরচ দেখা গেছে। গত বছর নিউ ইয়র্কে রেকর্ড সংখ্যক 243.8 মিলিয়ন পর্যটক আসে যারা 67.6 মিলিয়ন ডলার খরচ করেছে, যা টানা চতুর্থ বছরের মত সর্বমোট 100 বিলিয়ন ডলারের অর্থনৈতিক প্রভাব ফেলে। বার্ষিক 938,800 চাকুরী সমর্থন করে পর্যটন এখন স্টেটের তৃতীয় বৃহত্তম চাকুরীদাতা।

2017 সালে ক্যাপিটাল রিজিয়ন স্বাগত জানিয়েছে 19 মিলিয়ন অতিথিকে, যা 2011 সালের তুলনায় 15 শতাংশ বেশি। 2017 সালে এই অঞ্চলের অতিথিরা সরাসরি খরচ করেছে সর্বোচ্চ 2.8 বিলিয়ন ডলার, যা 2011 সালের তুলনায় 22 শতাংশ বেশি, এই শিল্প সমর্থিত চাকরির সংখ্যা 51,775।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক রাজ্য | এগজিকিউটিভ চেম্বার (Executive Chamber) |press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন